দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ১৬....

NOV. 28 2002

### শিক্ষা দিবস উপলক্ষে যৌথ সভা

# বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসন করার দাবি

বাংলাদেশ শিক্ষক সমিতি, বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও বাংলাদেশ সহকারী শিক্ষক সমিতির যৌথ আলোচনা সভায় দেশের সার্বিক শিক্ষা সঙ্কট, বিশ্ববিদ্যালয়গুলোর অচলাবস্থা নিরসনসহ সাত দফা দাবি পূরণের জন্য সরকারের কাছে দাবি জানানো হয়েছে।

মঙ্গলবার ওই তিনটি সংগঠনের যৌথ উদ্যোগে ঐতিহাসিক শিক্ষা দিবস উপলক্ষে মতিঝিল সৈনাকল্যাণ ভবনের সভাকক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষকনেত্রী হেনা দাস। বক্তব্য রাখেন শিক্ষক নেতা ড.ম. আখতারুজ্জামান, চৌধুরী খুরশীদ আলম, অধ্যাপক এম.এ বারী, প্রদীপ চক্রবর্তী, জহিরুদ্দিন, ড. রঙ্গলাল সেন প্রমুখ।

সভায় গৃহীত প্রস্তাবে ৭ দফা দাবি পূরণের আহ্বান; বুয়েটসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা দূর করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনা, বুয়েটের ছাত্রদের ওপর সাম্প্রতিক পুলিশ ও সন্ত্রাসীদের হামলার প্রতিবাদ, অবরুদ্ধ শহীদ মিনারের মুক্তি এবং শিক্ষাঙ্গন থেকে পুলিশ প্রত্যাহারের আহ্বান জানানো হয়। সংবাদ বিজ্ঞপ্তি।